তুমি রাগ করো না

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললেন: আপনি আমাকে উপদেশ দিন। তিনি বললেন: “তুমি রাগ করো না।" লোকটি কয়েকবার তা বলতে থাকলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক
বারেই বললেন: “রাগ করো না।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এক সাহাবী নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামকে উপকারী কোন একটি নসিহত করতে আবেদন করলে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম তাকে রাগান্বিত না হতে আদেশ করেন। এর অর্থ হলো: যেসব কারণে মানুষ রাগান্বিত হয় সেসব কারণ পরিহার করা, রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণ করা। ফলে রাগের কারণে কাউকে হত্যা, মারা বা গালি দেওয়া ইত্যাদি সীমালঙ্ঘন হবে না। লোকটি বারবার নসিহতের আবেদন করেন। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম তাকে বারবারই রাগ না করার উপদেশ দেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4709